



তারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
RESERVE BANK OF INDIA

www.rbi.org.in

আরবিআই/২০১১-১২/১২১

ডিপিএসএস.সিও.সিএইচডি.নং.১২০/০৩.০৬.০১/২০১১-১২

তারিখ: ২৫/০৭/২০১১

সভাপতি এবং পরিচালন অধিকর্তা/মুখ্য নিব্বাহী আধিকারিক
আরআরবি সমেত সব তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ/
শহরাস্থলিক সমবায় ব্যাঙ্ক/রাজ্য সমবায় ব্যাঙ্ক/
জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক

মহাশয়া/মহাশয়,

চেক অস্বীকার / ফেরত হলে- চেক ফেরত মেমোতে স্বাক্ষর / নামের আদ্যাক্ষর সই প্রয়োজন

অনুগ্রহ করে চেকের অস্বীকার / ফেরত হলে-চেক ফেরত মেমোতে ফেরতের তারিখ উল্লেখ করা প্রয়োজন- এই বিষয়ের ওপর আমাদের সেপ্টেম্বর ১, ২০১০ তারিখাঙ্কিত সাকুলার ডিপিএসএস.সিও.সিএইচডি.নং ৪৮৫/০৩.০৬.০১/২০১১-২০১১ দেখুন, যেখানে আইনগত ব্যবস্থা নেবার ক্ষেত্রে দস্তাবেজের গুরুত্ব দেখানো হয়েছে এবং ব্যাঙ্ক পরিচালকদের নিকাশ কেন্দ্রগুলির অভিন্ন নিয়মাবলি ও বিধির ধারা ৬-এর প্রস্তাব অনুসারে নির্দেশ করা হয়েছে যে লেখ্যটি অপ্রদত্তভাবে ফেরত এলে তার সঙ্গে অবশ্যই স্বাক্ষরিত / নামের আদ্যাক্ষর সই করা আপত্তি-জাপকপত্র থাকবে এবং সেখানে অর্থপ্রদান অস্বীকার করার জন্য একটি নিশ্চিত ও যুক্তিপূর্ণ কারণ দর্শাতে হবে

আমাদের নজরে এসেছে যে, কোনও কোনও ক্ষেত্রে ব্যাঙ্কগুলি চেক ফেরত মেমোতে সই করছেন। এই কারণে যে মেমোগুলি কম্পিউটারপ্রসূত এবং সেইজন্য কোনও স্বাক্ষরের প্রয়োজন নেই। ওইরূপ ব্যবস্থা ব্যাঙ্ক পরিচালকদের নিকাশ কেন্দ্রগুলির অভিন্ন নিয়মাবলি ও বিধি (URRBCH) লঙ্ঘন করা যা জারি করা হয়েছিল অর্থপ্রদান এবং নিষ্পত্তি ব্যবস্থা আইন ২০০৭(সঙ্গে পঠিত অর্থপ্রদান এবং নিষ্পত্তি ব্যবস্থা নিয়মাবলি ২০০৮)-এর অধীনে।

ব্যাঙ্কগুলিকে, অতঃপর, কঠোরভাবে নির্দেশিকা মেনে চলতে বলা হচ্ছে এবং ইউআরআরবিসিএইচ-এর অধীন ধারা-৬-তে যেমন বলা আছে সেই অনুযায়ী চেক ফেরত মেমোতে স্বাক্ষর/নামের আদ্যাক্ষর সই করতে বলা হচ্ছে।

ভবদীয়,

(স্বাক্ষর একা)

উপ মহাপ্রবন্ধক